

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ ডব্লিউ চৌধুরী রোড, ঢাকা-১২১৬

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২০৬.২৩. ৫১

তারিখ : ১১ অক্টোবর ২০২৩ খ্রি.

প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত 'Fact Checking and Verification Techniques for Crime Reporters Association of Bangladesh' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ১১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখ ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) নূরুন নাহার হেনা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক ও মিডিয়া ব্যক্তিত্ব আবুরুশদ মো. রুহুল আমিন, সিনিয়র নিউজ এডিটর, বাংলাভিশন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক তাঁর বক্তব্যে বলেন, তথ্য প্রবাহের অবাধ গতি জনজীবনকে যেমন সহজ করেছে ঠিক তেমনি ভুয়া ও অপতথ্যের কারণে মানুষ প্রতারণিত ও ক্ষতিগ্রস্ত হচ্ছে। তিনি আরও বলেন, যাচাই বাছাই ছাড়া সংবাদ প্রচারিত হলে জাতীয় নির্বাচনের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে জনমত প্রভাবিত হতে পারে। তাই Fact Checking and Verification Techniques সম্পর্কে সাংবাদিকদের সচেতন হওয়ার আহবান জানান। তিনি ব্যক্তিস্বার্থের উর্ধ্বে গিয়ে জাতির উন্নয়ন সাধনে ভূমিকা রাখতে সাংবাদিকগণকে উৎসাহ প্রদান করেন।

প্রধান আলোচক আবুরুশদ মো. রুহুল আমিন -তাঁর আলোচনায় ভুয়া সংবাদ প্রচার প্রতিহত করার জন্য তথ্য যাচাইয়ের প্রতি গুরুত্ব আরোপ করেন। সেইসাথে তথ্য যাচাই-বাছাই করার বিভিন্ন টুলস, সফটওয়্যার সম্পর্কে সাংবাদিকদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। ক্রাইম রিপোর্টারগণ খুব সংবেদনশীল ক্ষেত্রে কাজ করেন বলে এই ক্ষেত্রে Fact Checking-এর গুরুত্ব সম্পর্কে তিনি সাংবাদিকদের সচেতন করেন।

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক মো. নজরুল ইসলাম অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।

অন্যান্যদের মধ্যে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের অতিরিক্ত মহাপরিচালক ফায়জুল হক, অতিরিক্ত মহাপরিচালক সূফী জাকির হোসেন, পরিচালক এ. কে. এম আজিজুল হক এবং পরিচালক ড. মো. মারুফ নাওয়াজ কর্মশালায় আলোচনাকরেন। কর্মশালাটির পরিচালক হিসেবে ইনস্টিটিউটের উপপরিচালক মো. মাসুদ মনোয়ার ভূঁঞা এবং সমন্বয়ক হিসেবে সহকারী পরিচালক ইসমত জাহান চৌধুরী দায়িত্ব পালন করেন।

কর্মশালায় বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন (ক্র্যার) এবং জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মোট ৫০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন।



(আবদুল হাম্মান)

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশন (ক্র্যাব)।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।